# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.১৯-৫৫ তারিখ: ২৮ জানুয়ারি, ২০২০খ্রি.

বিষয়: জাতীয় মানবাধিকার কমিশনের সিদ্ধান্ত অবহিতকরণ ও সর্তককরণ প্রসঙ্গে

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৫২.২৭.০০১.১৮-৩৬; তারিখঃ ২৩ জানুযারি, ২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় মানবাধিকার কমিশন হতে প্রাপ্ত পত্রে উল্লেখ্য নাটোর জেলার সিংড়া উপজেলাধীন "দমদমা বালিকা উচ্চ বিদ্যালয়" এর ৬ষ্ঠ শ্রেণির ছাত্রী সাবিনা ইয়াসমিন জুতা না পরে স্কুলে যাওয়ার কারণে স্কুল থেকে বের করে দেওয়া হলে, উক্ত ছাত্রী আত্মহত্যা করে।

এমতাবস্থায়, উল্লিখিত বিষয়টি ভবিষ্যতে যাতে পুনরাবৃত্তি না ঘটে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখা সহ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকগণ শিক্ষার্থীদের সাথে মানবিক আচরণ করবেন মর্মে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসার অধ্যক্ষ/সুপার, শিক্ষকমন্ডলীকে নির্দেশক্রমে সর্তক করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৩ (তিন) পাতা।

২৮.০১.২০২০

**মোঃ সিদ্দিকুর রহমান**
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

অধ্যক্ষ/ সুপার, শিক্ষকমন্ডলী
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসা।

নং ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.১৯-৫৫(৮) তারিখ: ২৮ জানুয়ারি, ২০২০খ্রি.

**<u>অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১. জেলা প্রশাসক (সকল);
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৩. জনাব রহিমা আক্তার, উপ-সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৪. জেলা শিক্ষা অফিসার (সকল);
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৬. প্রোগ্রামার, আইসিটিসেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (তাঁকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

২৮/১/২০২০

**মোঃ ওমর ফারুক**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি শাখা-০২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫২.২৭.০০১.১৮.৩৬

তারিখ: ৯ মাঘ ১৪২৬
২৩ জানুয়ারি ২০২০

বিষয়: **দায়েরকৃত অভিযোগের বিষয়ে জাতীয় মানবাধিকার কমিশনের সিদ্ধান্ত অবহিতকরণ।**

সূত্র: জাতীয় মানবাধিকার স্মারক নং-এনএইচআরসিবি/অভিযোগ ১৫৩/১৭-৪৩৯৩(৩), তারিখ: ২৪/১২/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নাটোর জেলার সিংড়া উপজেলাধীন "দমদমা বালিকা উচ্চ বিদ্যালয়" এর ৬ষ্ঠ শ্রেণির ছাত্রী জনাব সাবিনা ইয়াসমিনকে জুতা না পরে স্কুলে যাওয়ার কারণে স্কুল থেকে বের করে দেওয়া হলে, উক্ত ছাত্রী আত্মহত্যা করেন। আলোচ্য বিষয়টি তদন্ত কার্যক্রম জেলা প্রশাসক, নাটোরকে প্রদান করা হয়। জেলা প্রশাসক, নাটোর তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত শিক্ষক জনাব আবু হানিফ সংযুক্ত না থাকার বিষয়টি জাতীয় মানবাধিকার কমিশনকে অবহিত করা হলে, জাতীয় মানবাধিকার কমিশন উল্লিখিত বিষয়টি ভবিষ্যতে যাতে পুনবৃত্তি না ঘটে এবং প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকগণ শিক্ষার্থীদের সাথে মানবিক আচরণ করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ) উভয় বিভাগকে পরামর্শ প্রদান করেন (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, জাতীয় মানবাধিকার কমিশন হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি প্রেরণ করা হলো। বর্ণিত বিষয়ে আপনার অধিনস্থ সরকারি-বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানকে সর্তক করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৩-১-২০২০
রহিমা আক্তার
উপসচিব
ফোন: ৯৫৭৩৫৫৬
ইমেইল: ds_tec2@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২) মহাপরিচালক , মাদরাসা শিক্ষা অধিদপ্তর,

কাকরাইল, ঢাকা।
৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,
আগারগাঁও, ঢাকা।
৪) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী
বাজার, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫২.২৭.০০১.১৮.৩৬/১(৫)

তারিখ: ৯ মাঘ ১৪২৬
২৩ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) সিস্টেম এনালিষ্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫) ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২৩-১-২০২০
রহিমা আক্তার
উপসচিব

# জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন, (৯ম তলা),৭-৯ কারওয়ান বাজার ঢাকা-১২১৫

ফোনঃ চেয়ারম্যান- ৫৫০১৩৭১৩, সার্বক্ষনিক সদস্য-৫৫০১৩৭১৫, সচিব- ৫৫০১৩৭১৭

ই-মেইল :nhrc.bd@gmail.com,ওয়েব :www.nhrc.org.bd


স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/১৫৩/১৭-৫৩৯১৩ (৩) তারিখ: ২৪/১২/২০১৯

বিষয়: দায়েরকৃত অভিযোগের বিষয়ে জাতীয় মানবাধিকার কমিশনের সিদ্ধান্ত অবহিতকরণ।

জুতা না পরায় বের করে দেওয়ার অভিযোগ সংক্রান্ত বিষয়টি জাতীয় মানবাধিকার কমিশনে পরীক্ষা করা হয়েছে।

০২। অভিযোগের বিষয়ে জেলা প্রশাসক, নাটোরের প্রতিবেদনে সংশ্লিষ্ট শিক্ষক আবু হানিফের কোন গাফিলতি পাওয়া যায়নি মর্মে উল্লেখ করা হয়েছে। তবে শিক্ষকদের শিক্ষার্থীদের সাথে আরো মানবিক আচরণ করার নির্দেশনা প্রদানের লক্ষ্যে সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ-কে নির্দেশ দিয়ে অভিযোগটি নথিভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। বিষয়টি আদিষ্ট হয়ে তাঁকে অবহিত করা হল।

২৪/১২/১৯

(সুস্মিতা পাইক)
উপ-পরিচালক
জাতীয় মানবাধিকার কমিশন

সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

সচিব
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ

অনুলিপি:

এস এম রেজাউল করিম, পরিচালক ও উপদেষ্টা, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), ১/১, পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা-১০০০।